

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৭১

সোনামুড়া, ২২ নভেম্বর, ২০২৩

কাঁঠালিয়া ব্লকভিত্তিক যুব উৎসব

কাঁঠালিয়া ব্লকভিত্তিক যুব উৎসব গতকাল কাঁঠালিয়া কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। কাঁঠালিয়া ব্লকের উদ্যোগে এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহযোগিতায় আয়োজিত এই যুব উৎসবের উদ্বোধন করেন বিধায়ক বিন্দু দেবনাথ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উত্তর মহেশপুর গ্রামপঞ্চায়েতের প্রধান তনুশ্রী পাল। অনুষ্ঠানে বিধায়ক বিন্দু দেবনাথ যুব উৎসবের মূল উদ্দেশ্য ও তাৎপর্য নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, পড়াশুনার পাশাপাশি নতুন প্রজন্মকে সংস্কৃতি মুখী করে তোলার ক্ষেত্রে যুব উৎসবের ভূমিকা গুরুত্বপূর্ণ। এছাড়া বক্তব্য রাখেন বিশিষ্ট ক্রীড়া ব্যক্তিত্ব বিশ্বজিৎ ভৌমিক। স্বাগত ভাষণদেন সোনামুড়া মহকুমা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের ইয়ুথ প্রোগ্রাম অফিসার মধুসূদন দেববর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান পুষ্প ভৌমিক দেবনাথ, কাঁঠালিয়া বিএসি'র চেয়ারম্যান তপন কুমার ত্রিপুরা, সমাজসেবী রতন দেবনাথ, কাঁঠালিয়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীপক দাস প্রমুখ। এই যুব উৎসবে কাঁঠালিয়া ব্লকের বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ সমবেত লোকনৃত্য, এককনৃত্য, সমবেত লোক সঙ্গীত ইত্যাদি বিষয়ে অংশগ্রহণ করে।
